নিউ ইয়র্ক পুনরায় খোলা

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য নির্মাণ নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি নিউ ইয়র্কের সমস্ত নির্মাণ ব্যবসার জন্য প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে নির্মাণ ব্যবসাসমূহ যেগুলি পূর্বে অপরিহার্য হিসাবে কাজ করার অনুমতি পেয়েছিল।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল নির্মাণ ব্যবসাগুলিকে নির্মাণ সম্পর্কিত কার্যকলাপে রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সঙ্গে হালনাগাদ থাকা উচিৎ এবং সেই পরিবর্তনগুলি তাদের পরিচালনায় অন্তর্ভুক্ত করা উচিৎ। এই নির্দেশিকা উদ্দেশ্য কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং যুক্তরাষ্ট্রীয় আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা নয়।

শারীরিক দূরত্ব

অত্যাবশ্যক

- কর্মীদের মধ্যে দূরত্ব 6 ফুট নিশ্চিত করা, যদি না নিরাপত্তা বা কাজের মূল ফাংশনের জন্য আরো কম দূরত্ব প্রয়োজন হয়।
- যখন কর্মীরা 6 ফুটের কম দূরত্বে থাকলে কর্মীদের গ্রহণযোগ্য মুখের আবরণ পরতে হবে।
- যে কোন কাজ যা অভ্যন্তরে ঘটছে তার জন্য, প্রতি 250 বর্গ ফুটে 1টি কর্মীতে সীমিত করুন সাইটে, সুপারভাইজারদের এই হিসেবের বাইরে রেখে, যদি না অতিরিক্ত ব্যক্তিগত নিরাপত্তামূলক ব্যবস্থা বাস্তবায়িত হয় (যেমন সব সময়ে মুখের আবরণ পরা)।
- যদি ছোট স্থানগুলিতে এক সময়ে একাধিক ব্যক্তি থাকেন, তাহলে সেখানে মানুষের সংখ্যা সর্বোচ্চ ধারণক্ষমতার 50% এর নিচে রাখুন।
- মানুষের অনাবশ্যক জমায়েত যতটা সম্ভব সীমিত করা।
- পিক-আপ এবং ডেলিভারির জন্য নির্দিষ্ট এলাকা স্থাপন করুন, যতটা সম্ভব সংস্পর্শে আসা সীমিত করে।

সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন

- শুধুমাত্র বর্তমান কাজের (কাজগুলির) জন্য প্রয়োজনীয় কর্মীদের পর্যন্ত উপস্থিতি সীমিত করুন, কর্মক্ষেত্রের সময় সমন্বয় করুন, আগমণ/প্রস্থানের সময় আগু-পিছু করুন, A/B দল তৈরি করুন, এবং/অথবা এক সময়ে একটি এলাকায় শুধুমাত্র একটি দলের সময়সূচী নির্ধারণ করার মাধ্যমে কর্মীদের জন্য অতিরিক্ত জায়গা তৈরি করুন।
- সাধারণত ব্যবহৃত সাইটে (যেমন ক্লক ইন/আউট স্টেশন, হেলথ স্ক্রিনিং স্টেশন) এবং অন্যান্য প্রযোজ্য স্থানের ক্ষেত্রে ব্যবধান নিশ্চিত করে 6 ফুট দূরত্ব চিহ্নিত করে টেপ বা চিহ্ন ব্যবহারের মাধ্যমে সামাজিক দূরত্বের মার্কার চিহ্নিত করুন।
- 6 ফুট দূরত্ব বজায় রাখতে ওয়ার্কস্টেশনের বিন্যাসে পরিবর্তন করুন এবং একটি এলাকায় একাধিক ক্রু এবং/অথবা দল কর্মরত করা এড়িয়ে চলুন। যদি সম্ভবপর না হয়, তাহলে মুখের আবরণ প্রদান করুন এবং তা পরা বাধ্যতামূলক করুন বা শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করুন (যেমন প্লাস্টিক প্রতিরক্ষার দেওয়াল), OSHA নির্দেশিকা অনুযায়ী, সেই সব এলাকায় যেখানে সেগুলি বায়ু প্রবাহ, তাপ, অথবা শিতীলকরণ, বা বায়ু চলাচল ব্যাহত করবে না।
- ছোট স্থানগুলিতে (যেমন এলিভেটর, হইস্ট) এক সময়ে শুধুমাত্র একজন ব্যক্তি থাকা উচিত, যদি না সকল ব্যক্তিরা মুখের আবরণ পরে থাকেন।
- সংকীর্ণ আইল,হলওয়ে বা জায়গায় তীর চিহ্ন দিয়ে সঙ্কেত স্থাপন করে দ্বিমুখী পায়ে চলাচল হ্রাস করা।
- যখন সম্ভব কর্মীদের বাড়ি থেকে কাজ করতে দিন।
- সাইটে অনাবশ্যক দর্শনার্থীদের প্রবেশ নিষিদ্ধ করুন।
- যখন সম্ভব টেলি- বা ভিডিও-কনফারেন্সিং ব্যবহার করুন। প্রয়োজনীয় সশরীরে উপস্থিতির সমাবেশ (যেমন সভা) খোলা, ভালো ভেন্টিলেশন সুবিধা আছে এবং উপযুক্ত সামাজিক দূরত্বের সঙ্গে ফাঁকা স্থানে অনুষ্ঠিত করা উচিত।

প্রতিরক্ষামূলক সরঞ্জাম

অত্যাবশ্যক

- নিয়োগকারীদের কর্মচারীদের বিনা খরচে একটি গ্রহণযোগ্য মুখের আবরণ প্রদান করতে হবে এবং প্রতিস্থাপনের ক্ষেত্রে আবরণের এক পর্যাপ্ত সরবরাহ থাকতে হবে।
- কাপড়ের (যেমন বাড়িতে সেলাই করা, কুইক কাট, ব্যান্ডানা) এবং সার্জিকাল মাস্ক গ্রহণযোগ্য মুখের আবরণের অন্তর্ভুক্ত, কিন্তু তাতে সীমাবদ্ধ নয়, যদি না কাজের প্রকৃতির কারণে আরো কঠোর ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) (উদাহরণস্বরূপ N95 রেসপিরেটর, ফেস শিল্ড) প্রয়োজন হয়।

সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন

নিউ ইয়র্ক পুনরায় খোলা

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য নির্মাণ নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি নিউ ইয়র্কের সমস্ত নির্মাণ ব্যবসার জন্য প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে নির্মাণ ব্যবসাসমূহ যেগুলি পূর্বে অপরিহার্য হিসাবে কাজ করার অনুমতি পেয়েছিল।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল নির্মাণ ব্যবসাগুলিকে নির্মাণ সম্পর্কিত কার্যকলাপে রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সঙ্গে হালনাগাদ থাকা উচিৎ এবং সেই পরিবর্তনগুলি তাদের পরিচালনায় অন্তর্ভুক্ত করা উচিৎ। এই নির্দেশিকা উদ্দেশ্য কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং যুক্তরাষ্ট্রীয় আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন
প্রতিরক্ষামূলক সরঞ্জাম (চলছে)	✓ মুখের আবরণ পরিষ্কার বা ব্যবহারের পরে প্রতিস্থাপন করা আবশ্যক বা যখন ক্ষতিগ্রস্ত বা ময়লা হয়ে যায়, সেগুলি শেয়ার করা উচিত নয়, তখন সেগুলো সঠিকভাবে সংরক্ষণ বা বাতিল করা উচিত। ✓ জিনিষপত্র শেয়ার করা সীমিত করুন (যেমন সরঞ্জাম, তোয়ালে, যান বাহন) এবং শেয়ার করা পৃষ্ঠতল স্পর্শ করা নিরুৎসাহিত করুন; অথবা, যখন শেয়ার করা বস্তু বা প্রায়শই স্পর্শ করা এলাকার সংস্পর্শে আসবেন, তখন গ্লাভস পরুন (পেশার-উপযুক্ত বা চিকিতসাগত); অথবা, যোগাযোগের আগে ও পরে হাত জীবাণুমুক্ত করুন বা হাত ধুয়ে ফেলুন।	
স্বাস্থ্যবিধি, পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ	✓ রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এবং স্বাস্থ্য বিভাগ (DOH) এর স্বাস্থ্যবিধি এবং স্যানিটেশন প্রয়োজনীয়তা মেনে চলুন এবং পরিষ্কারের তারিখ, সময় এবং পরিষ্কারের পরিধিসহ পরিষ্কারের লগ/কার্যবিবরণী সাইটে বজায় রাখুন। ✓ কর্মীদের জন্য হাতের স্বাস্থ্যবিধি পালনের স্টেশন প্রদান এবং রক্ষণাবেক্ষণ করুন, সাবানের সঙ্গে পানি এবং কাগজের তোয়ালে হাত ধোয়া, আর তার সাথে একটি 60% বা তার বেশি অ্যালকোহল ধারণকারী অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করুন। ✓ শেয়ার করা এবং ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতলগুলি ব্যবহারের আগে এবং পরে পরিষ্কার করার/জীবাণুনাশক সরঞ্জাম প্রদান করুন ব্যবহার করার জন্য এবং তার পরে হাতের স্বাস্থ্যবিধি মেনে চলতে করতে কর্মীদের উৎসাহিত করুন। ✓ পরিবেশ রক্ষা সংস্থা (Environmental Protection Agency, EPA) দ্বারা COVID-19 এর বিরুদ্ধে কার্যকর হিসাবে চিহ্নিত পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এর পণ্য ব্যবহার করে অন্তত প্রতিদিন নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ পরিচালনা করুন, এবং উচ্চ যাতায়াত করা এলাকা, যেমন বিশ্রামাগার এবং সর্বজনীন এলাকাগুলি এবং শেয়ার করা জিনিষ পত্র (যেমন সরঞ্জাম) এবং পৃষ্ঠতল আরো ঘন ঘন পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন। ✓ যদি পরিষ্কার বা জীবাণুমুক্তকরণের পণ্য বা পরিষ্কার করা এবং জীবাণুনাশক কাজ নিরাপত্তার বিপদ ঘটায় বা তাতে উপাদান বা যন্ত্রপাতির অবনতি হয়, তাহলে সেখানে ব্যবহারের মাঝে কর্মীদের জন্য হাতের পরিচ্ছন্নতার স্টেশন স্থাপন করতে হবে এবং/অথবা নিষ্পত্তিযোগ্য গ্লাভস প্রদান করতে হবে। ✓ শেয়ার করা খাবার ও পানীয় নিষিদ্ধ করুন (যেমন বুফে ধাঁচের খাবার)।	✓ যেখানেই সম্ভব, নিরাপত্তা সতর্কতা বজায় রেখে বাইরের বাতাসের চলাচল (যেমন জানালা এবং দরজা খোলা) বৃদ্ধি করুন। ✓ কর্মীদের দুপুরের খাবার বাড়ি থেকে আনতে উৎসাহিত করুন এবং খাবার খাওয়ার সময় কর্মীদের জন্য সামাজিক দূরত্ব বজায় রাখার পর্যাপ্ত জায়গা সংরক্ষণ করুন।

নিউ ইয়র্ক পুনরায় খোলা

নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য নির্মাণ নির্দেশিকা

এই নির্দেশিকাগুলি নিউ ইয়র্কের সমস্ত নির্মাণ ব্যবসার জন্য প্রযোজ্য যাদের পুনরায় খোলার অনুমতি দেওয়া হয়েছে, সেই সাথে নির্মাণ ব্যবসাসমূহ যেগুলি পূর্বে অপরিহার্য হিসাবে কাজ করার অনুমতি পেয়েছিল।

COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার সময়, সকল নির্মাণ ব্যবসাগুলিকে নির্মাণ সম্পর্কিত কার্যকলাপে রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় প্রয়োজনীয়তার যে কোনো পরিবর্তনের সঙ্গে হালনাগাদ থাকা উচিৎ এবং সেই পরিবর্তনগুলি তাদের পরিচালনায় অন্তর্ভুক্ত করা উচিৎ। এই নির্দেশিকা উদ্দেশ্য কোনো বিদ্যমান প্রযোজ্য স্থানীয়, রাজ্য, এবং যুক্তরাষ্ট্রীয় আইন, নিয়মকানুন এবং মান প্রতিস্থাপন করা নয়।

	অত্যাবশ্যক	সুপারিশকৃত সর্বোত্তম অনুশীলন
যোগাযোগ	✓ নিশ্চিত করুন যে আপনি স্টেটের-ইস্যু করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করুন যে আপনি সেগুলি কার্যকর করবেন। ✓ সাইটের চারিদিকে সাইনেজ পোস্ট করে কর্মীদের সঠিক পরিচ্ছন্নতা, সামাজিক দূরত্বের নিয়ম, PPE এর সঠিক ব্যবহার এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার প্রোটোকল মেনে চলার কথা মনে করিয়ে দিন। ✓ নতুন প্রোটোকলে সকল কর্মীদের প্রশিক্ষণ দিন এবং প্রায়ই নিরাপত্তা নির্দেশিকা সম্পর্কে জানান। ✓ যদি কোন কর্মী COVID-19 এর পরীক্ষায় পজিটিভ ফল লাভ করেন, তাহলে নিয়োগকারীকে অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে অবহিত করতে হবে এবং কন্টাক্ট ট্রেসিং প্রচেষ্টায় সহায়তা করতে হবে, যেমন কর্মী বা অতিথিরা যাদের ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ ছিল, তাদের সঙ্গে সম্ভাব্য পরিচিতির তথ্য জানাতে হবে, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আইন এবং প্রবিধান দ্বারা প্রয়োজনীয় গোপনীয়তা বজায় রাখার সাথে। ✓ সাইটে সম্পূর্ণ করা নিরাপত্তা পরিকল্পনাসমূহ সকলের চোখে পড়ে এমন জায়গায় লাগান।	✓ হালনাগাদকৃত তথ্য প্রদান করার জন্য কর্মী, দর্শনার্থী এবং গ্রাহকদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা স্থাপন করুন।
স্ক্রিনিং	✓ অসুস্থ কর্মীদের বাড়িতে থাকা উচিত অথবা কর্মক্ষেত্রে অসুস্থ হলে বাড়ি ফিরে যাওয়া উচিত। ✓ একটি পজিটিভ কেসের ক্ষেত্রে পরিষ্কার, জীবাণুমুক্ত, এবং কন্টাক্ট ট্রেসিংয়ের জন্য একটি পরিকল্পনা করুন। ✓ বাধ্যতামূলক স্বাস্থ্য স্ক্রিনিং মূল্যায়ন (যেমন প্রশ্নাবলী, তাপমাত্রা পরীক্ষা) বাস্তবায়ন করা, কর্মীরা প্রত্যেকদিন কাজ শুরু করার আগে এবং অপরিহার্য দর্শনার্থীদের জন্য, এগুলি জিজ্ঞাসা করে – (1) COVID-19 এর উপসর্গ গত 14 দিনে, (2) গত 14 দিনে ইতিবাচক COVID-19 পরীক্ষা, এবং/অথবা (3) গত 14 দিনে নিশ্চিত বা সন্দেহজনক COVID-19 কেসের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ। মূল্যায়ন প্রতিক্রিয়া প্রতিদিন পর্যালোচনা করতে হবে এবং এ ধরনের পর্যালোচনা অবশ্যই নথিবদ্ধ করতে হবে।	✓ যতদূর সম্ভব, কর্মীরা সাইটে আসার আগে দূরবর্তীভাবে স্ক্রিনিং সম্পাদন করুন (যেমন টেলিফোন বা ইলেকট্রনিক জরিপের মাধ্যমে)। ✓ যথাযথ PPE পরিধান করে বা স্পর্শহীন উপায়ে সম্পন্ন করা ডেলিভারীগুলি ছাড়া, কর্মী ও অতিথি সহ প্রত্যেক ব্যক্তির, যাদের কাজের সাইটে বা অঞ্চলে অন্যান্য ব্যক্তিদের সাথে নিকট বা ঘনিষ্ঠ সংযোগ হতে পারে তাদের জন্য সব সময় একটি অব্যাহত লগ বজায় রাখুন। ✓ স্ক্রীনারদের CDC, DOH এবং OSHA প্রোটোকলের সাথে পরিচিত নিয়োগদাতার দ্বারা সনাক্ত করা ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষণ দেওয়া উচিত এবং ন্যূনতমভাবে, তাদের একটি মুখের আবরণ সহ যথাযথ PPE পরিধান করতে হবে। ✓ যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে কাজে আবার যোগদান করতে চাইছেন বা যে কর্মচারী COVID-19 এর সংক্রমিত একজন ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি এসেছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য DOH এর নির্দেশিকা দেখুন।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.